# হাওড়া আদালতে খুনিদের ফাঁসির দাবিতে বিক্ষোভ

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** পিলখানার প্রোমোটার সফিকুল খান হত্যাকাণ্ডে ধৃত ২ প্রধান অভিযুক্তকে শুক্রবার হাওড়া আদালতে তোলা হয়। তাদের আদালতে নিয়ে যাওয়ার সময় আদালত চত্বরে উত্তেজনা ছড়ায়। ধৃত হারুন খান ও রাফাকাত হোসেন ওরফে রোহিতকে এদিন কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের এজলাসে পেশ করা হয়। বিচারক ধৃতদের ৭ দিনের সিআইডি হেফাজতের নির্দেশ দিয়েছেন। এদিন দুপুর থেকেই সফিকুল খানের আত্মীয়-পরিজন ও স্থানীয় বাসিন্দারা হাওড়া আদালত চত্বরে ভিড় জমাতে শুরু করেন। তাঁদের হাতে ছিল বিচারের দাবিতে লেখা পোস্টার। ধৃত ২ আততায়ীকে যখন কোর্ট লক-আপ থেকে বের করা হয়, তখন উপস্থিত জনতা পুলিশের গাড়ির ওপর আছড়াতে শুরু করেন ও 'উই ওয়ান্ট জাস্টিস' স্লোগান দিতে থাকেন। পরিস্থিতি সামাল দিতে মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী ও র‍্যাফ। খোদ ডিসি সেন্ট্রাল তৌসিফ আলি আজহার ঘটনাস্থলে পৌঁছে

**সফিকুল হত্যা মামলা**

উত্তেজিত লোকজনকে শান্ত করার চেষ্টা করেন। সফিকুলের পরিবারের সদস্যরা অভিযুক্তদের কঠোরতম শাস্তির দাবি জানান। কান্নায় ভেঙে পড়ে এক আত্মীয় বলেন, 'আমরা হারুন আর রোহিতের ফাঁসি চাই। প্রাণের বদলে প্রাণ চাই। ওদের পরিবারের বোঝা উচিত আপনজনকে হারানোর যন্ত্রণা কীরকম। ওদের কেন পুলিশি খাতির করা হচ্ছে? ওদের হিঁচড়ে নিয়ে যাওয়া উচিত।' মৃত প্রোমোটারের পরিবারের অভিযোগ, এটি নৃশংস হত্যাকাণ্ড। এর পেছনে বড়ো কোনো ষড়যন্ত্র রয়েছে। উল্লেখ্য, গত বৃহস্পতিবার হাওড়া সিটি পুলিশের গোয়েন্দারা দিল্লির জামা মসজিদের লাগোয়া এলাকা থেকে প্রধান ২ অভিযুক্তকে গ্রেফতার করেন। ঘটনার পর থেকেই তারা গা ঢাকা দিয়েছিল। পুলিশ সূত্রে খবর, প্রোমোটিং সংক্রান্ত বিবাদ নাকি অন্য কোনো পুরোনো শত্রুতা এই খুনের মূলে, তা জানতেই অভিযুক্তদের হেফাজতে নিয়ে জেরা করা হবে। সিআইডি এই মামলার তদন্তভার নেওয়ার পর থেকে আরও নতুন তথ্যের সন্ধানে তল্লাশি চালাচ্ছে।

# সোনাগাছিতে ভোটার তালিকা থেকে বাদ ৩, বিচারাধীন ১২

**উজ্জ্বল দত্ত, কলকাতা :** মহানগরীর রেডলাইট এলাকা সোনাগাছিতে ভোটার তালিকা থেকে বাদ পড়েছে ৩ যৌনকর্মীর নাম। এই তালিকায় ১২ যৌনকর্মীর নাম বিচারাধীনের তালিকায় রাখা হয়েছে। আর তাতেই উদ্বেগ বাড়ছে। প্রথম থেকেই এসআইআর নিয়ে উদ্বেগে ছিলেন যৌনকর্মীরা। ফর্মপূরণের সময় আত্মীয়ের জায়গায় কার নাম লিখবেন, তা নিয়ে বিভ্রান্তিও ছিল অনেকের। এপ্রসঙ্গে দুর্বার মহিলা সমন্বয় সমিতির সম্পাদক বিশাখা লস্কর বলেন, 'শেঠবাগান ও দুর্গাচরণ মিত্র স্ট্রিট, এই ২টি এলাকা মিলিয়ে ১২ জনের নাম এখনও বিচারাধীন রয়েছে। এছাড়া তথ্যগত অসঙ্গতির কারণে ৩জনের নাম ডিলিটেড। বাকি অধিকাংশের নামই ভোটার তালিকায় রয়েছে।' উল্লেখ্য, যৌনকর্মীদের সমস্যার কথা মাথায় রেখে নির্বাচন কমিশন সোনাগাছিতে বিশেষ শিবিরের আয়োজন করেছিল। রামবাগান, কদমতলা ক্লাব ও শীতলা মন্দির, এই ৩টি জায়গায় আয়োজিত শিবিরে ৮০০-রও বেশি যৌনকর্মী উপস্থিত হয়ে নিজেদের সমস্যা তুলে ধরেন। ওই শিবিরে ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালও।কমিশন সূত্রে খবর, এই ৩টি শিবিরে মোট ৮০৩ জন অংশ নেন। তাঁদের মধ্যে ২১০ জন ফর্ম-৬ জমা দিয়ে ভোটার তালিকায় নাম তোলার আবেদন করেছেন। এছাড়া ৫১টি ফর্ম-৮ জমা পড়েছে ও ১২ জন এনুমারেশন ফর্ম জমা দিয়েছেন। তবে এখনও অনেকের নথিপত্র সংক্রান্ত জটিলতা রয়ে গেছে বলেই জানা যাচ্ছে।

# বন্ধ ঘর থেকে উদ্ধার মহিলার ক্ষতবিক্ষত দেহ

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** ৫ দিন নিখোঁজ থাকার পর অবশেষে উদ্ধার হয় হাওড়ার জগৎবল্লভপুরের সন্তোষপুর মান্নাপাড়া এলাকার বাসিন্দা দুর্গা মণ্ডলের (৫৫) পচাগলা মৃতদেহ। শুক্রবার সকালে নিজের বাড়ির তালাবন্ধ ঘর থেকে তাঁর নগ্ন দেহ উদ্ধার করে পুলিশ। মৃতদেহের শরীরে একাধিক আঘাতের চিহ্ন ও মুখে সাঁড়াশি ঢোকানো থাকায় এটি পরিকল্পিত হত্যাকাণ্ড বলেই প্রাথমিক অনুমান স্থানীয় ও পুলিশের। জানা গেছে, দুর্গা মণ্ডলের স্বামী প্রায় ২ বছর আগে মারা গিয়েছেন। তাঁর ছেলে কর্মসূত্রে অন্য রাজ্যে থাকেন। কাছেই মেয়ের বাড়ি হলেও ওই প্রৌঢ়া একাই ওই বাড়িতে থাকতেন। সোমবারের পর থেকে তাঁকে এলাকায় আর দেখা যায়নি। শুক্রবার বাড়ির ভেতর থেকে পচা দুর্গন্ধ ছড়ালে স্থানীয় বাসিন্দাদের সন্দেহ হয়। খবর দেওয়া হয় জগৎবল্লভপুর থানায়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেখে বাড়ির সদর দরজায় বাইরে থেকে তালা ঝুলছে। তালা ভেঙে ভেতরে ঢুকতেই দেখা যায় দুর্গা মণ্ডলের নগ্ন, বীভৎস অবস্থায় দেহ পড়ে রয়েছে। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। বাইরের তালাটি খুনিই লাগিয়ে দিয়ে গেছে বলে সন্দেহ করা হচ্ছে। পুলিশ তদন্ত শুরু করেছে।

# বারুইপুরের প্রাক্তন পুরপ্রধান রবীন সেন প্রয়াত

**প্রদীপকুমার সিংহ, বারুইপুর :** বৃহস্পতিবার সন্ধ্যায় বারুইপুর পুরসভার পুরপ্রধান বিশিষ্ট শিক্ষক রবীন সেনের মৃত্যু হয়। মৃত্যুকালে বয়স হয়েছিল ৮৭ বছর। তাঁর ২ ছেলে এক মেয়ে ও স্ত্রী রয়েছে। শুক্রবার সকালে বারুইপুর পুরসভার ৭ নম্বর ওয়ার্ডের কীর্তনখোলা মহাশ্মশানে তাঁর শেষকৃত্য হয়। সেখানে ছিলেন বারুইপুর পুরসভার পুরপ্রধান শক্তি রায়চৌধুরীসহ মৃতের আত্মীয়-স্বজন ও প্রাক্তন ছাত্ররা। ১৯৯৫ থেকে ২০০০ সাল পর্যন্ত তিনি বারুইপুর পুরসভার পুরপ্রধান ছিলেন। তিনি অঙ্ক ও বিজ্ঞানের শিক্ষকও ছিলেন। প্রথম জীবনে তিনি বামফ্রন্টের অন্তর্গত সোশালিস্ট পার্টি এসএসপি'র কর্মী ছিলেন। পরে প্রাক্তন রাষ্ট্রপতি তথা প্রদেশ কংগ্রেসের রাজ্য সভাপতি প্রণব মুখোপাধ্যায় সান্নিধ্যে এসে কংগ্রেসে যোগ দেন। ১৯৯৫ সালে বারুইপুর পুরসভার ১০ নম্বর ওয়ার্ড থেকে প্রদেশ কংগ্রেসের প্রতিনিধি হয়ে পুরভোটে লড়েন। ভোটে জিতে বারুইপুর পুরসভার পুরপ্রধান হন। শেষের দিকে তাঁর শরীর এতটাই খারাপ হয় যে এক বেসরকারি হাসপাতালে ভরতি ছিলেন। সেখানেই বৃহস্পতিবার সন্ধ্যায় তিনি মারা যান। বারুইপুর পুরসভার পুরপ্রধান শক্তি রায়চৌধুরী বলেন, 'রবীন স্যার বারুইপুর হাই স্কুলে শিক্ষকতা করতেন। ওই স্কুলেরই আমি ছাত্র ছিলাম। উনি আদর্শ মেনে চলতেন। তাঁর অকালমৃত্যুতে পুরসভার ক্ষতি হয়ে গেল।'

# ব্রিজ সংস্কারের কাজে রাজ্যর কাছে আবেদন পূর্ব রেলের

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** বেনারস ও চাঁদমারি রোড ওভার ব্রিজ (আরওবি) প্রতিস্থাপনের জন্য সড়ক ট্রাফিক ব্লকের অনুমতি দিতে রাজ্য সরকারের হস্তক্ষেপ চেয়েছে পূর্ব রেল প্রশাসন। রেলের আশঙ্কা প্রশাসনিক স্তরে আর দেরি হলে ২টি সেতুই জরুরি ভিত্তিতে একসঙ্গে বন্ধ করে দিতে বাধ্য হতে পারে কর্তৃপক্ষ। এর ফলে হাওড়া স্টেশনের কাছে সড়ক যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়ার আশঙ্কা রয়েছে। রেলের তরফে ২টি সেতু পরিদর্শন করে দেখা গেছে যে, ২টিরই কাঠামোর অবস্থা খুবই জরাজীর্ণ। গুরুত্বপূর্ণ সংযোগকারী পথ হিসেবে বেনারস ব্রিজের কাজ বর্ষার আগে শেষ করতে ৪ মাসের একটানা সময়ের প্রয়োজন। কাজের উপযুক্ত সময় ফুরিয়ে আসায় রেল কর্তৃপক্ষ জোর দিয়ে বলেছে, আর দেরি হলে প্রকল্পের সময়সীমা কমে আসবে আর রেল ও সড়ক যাত্রীদের জন্য বিপদ বাড়বে। চাঁদমারি রোড ওভার ব্রিজের পরিস্থিতিকেও সমানভাবে উদ্বেগজনক হিসেবে বলা হয়েছে। রেল প্রশাসন জনসাধারণ ও যাত্রীদের কাছে এব্যাপারে সহযোগিতার আবেদন জানিয়েছে। উল্লেখ্য, এই কাজের পুরো খরচ রেল বহন করছে। এতে রাজ্য সরকারের ওপর কোনো আর্থিক বোঝা চাপবে না। ট্রাফিক ব্যবস্থা সচল রাখতে রেলের প্রস্তাবিত পরিকল্পনায় সেতু ২টি একের পর এক প্রতিস্থাপনের কথা বলা হয়েছে। রেল কর্তৃপক্ষের বক্তব্য, সেতুগুলো চলাচলের অনুপযুক্ত হয়ে পড়লে ২টি ব্রিজ বন্ধ করে দিতে হবে। এমনটা হলে হাওড়া করিডোরে অত্যাবশ্যকীয় পরিষেবা ও পূর্ব রেলের তরফে রেল পরিচালনায় ব্যাপক ব্যাঘাত ঘটবে। রেলের এক পদস্থ কর্মকর্তা জানান, 'আমরা এক বিপর্যয়কর পরিস্থিতি এড়ানোর চেষ্টা করছি। জননিরাপত্তার স্বার্থে ও অঞ্চলের নিরবচ্ছিন্ন যোগাযোগ নিশ্চিত করতে রাজ্য কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় অনুমতি পাওয়ামাত্রই বাকি কাজ শুরু করার জন্য পূর্ব রেল তৈরি।'

# বারুইপুরে বিজেপির কর্মসূচিতে পুলিশের বাধা

**প্রদীপকুমার সিংহ, বারুইপুর :** শুক্রবার বারুইপুর পূর্ব বিধানসভা এলাকায় বিজেপির যাদবপুর সাংগঠনিক জেলার পক্ষ থেকে পরিবর্তন সংকল্প যাত্রা বের হয়। সেখানেই পুলিশের বাধার মুখে পড়তে হয় বিজেপির কর্মী ও সমর্থকদের। এদিন সকালে বারুইপুর থানার বেগমপুর গ্রামপঞ্চায়েতের নড়িদানা এলাকায় বিজেপির পরিবর্তন সংকল্প যাত্রা বের হচ্ছিল। বিজেপির অভিযোগ, সেসময় বারুইপুর থানার পুলিশের পক্ষ থেকে বাইক মিছিলের অনুমতি না থাকার কারণ দেখিয়ে সেই মিছিল আটকে দেওয়া হয়। তা নিয়ে বিজেপি নেতৃত্বের সঙ্গে পুলিশের তর্কাতর্কি শুরু হয়। পরে ব্যালি আটকে দেওয়ার প্রতিবাদে বিজেপির কর্মী ও সমর্থকরা বারুইপুর-চম্পাহাটি রাস্তায় বসে বিক্ষোভ দেখাতে থাকেন। পরে পুলিশ চম্পাহাটির দিকে মিছিল এগোতে দিলে বিক্ষোভ বন্ধ হয়। বিজেপির যাদবপুর সাংগঠনিক সভাপতি মনোরঞ্জন জোয়ারদার বলেন, 'বারুইপুর থানার পক্ষ থেকে পরিবর্তন যাত্রা কর্মসূচি বন্ধ করে দেওয়া হয়। পুলিশের বক্তব্য তাদের কাছ থেকে বাইক মিছিলের অনুমতি নেওয়া হয়নি। পরে পুলিশের মধ্যস্থতায় বিজেপির পরিবর্তন যাত্রার রুট ঘুরিয়ে দেওয়া হয়।' বিজেপি রাজ্য কমিটি সদস্য উত্তম কর বলেন, 'কিছুদিন আগে বারুইপুরে তৃণমূলের পক্ষ থেকে বাইক মিছিল হলেও পুলিশ তাদের বাধা দেয়নি। পুলিশ রাজনৈতিক উদ্দেশ্যে বিজেপির এই মিছিল বন্ধ করেছিল।' এদিকে, বারুইপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি শ্যামসুন্দর চক্রবর্তী বলেন, 'বিজেপির কোথায় কী কর্মসূচি করছে, আমরা তা জানি না। বিজেপি যদি থানার থেকে অনুমতি না নেয় সেটা পুলিশ বুঝবে।'

**বিজ্ঞপ্তি**

আমার মক্কেল দ্বারা উপদিষ্ট হইয়া এই প্রকার বিজ্ঞপ্তি দেওয়া যাইতেছে যে, বীরভূম জেলার অন্তর্গত বোলপুর থানার অন্তর্ভুক্ত জে.এল. ১০৬ নম্বর কাঁকুটিয়া মৌজার আর.এস. ও এল. আর ২০১৪ নম্বর দাগের ৩৬ শতক পরিমিত পুকুর শ্রেণী ভুক্ত সম্পত্তিখানি মূল মালিকগনের নিকট হইতে খরিদ করিবেন বলিয়া মনস্থির করিয়াছেন। উক্ত সম্পত্তি বিক্রয়ের বিষয়ে বা হস্তান্তরের বিষয়ে কাহারও কোনরুপ দাবি-দাওয়া বা আপত্তি থাকিলে নিম্ন লিখিত ঠিকানায় অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে লিখিত ভাবে জানাইবেন। অন্যথায় উক্ত সম্পত্তি হস্তান্তরের বিষয়ে কাহারও কোনরুপ দাবি-দাওয়া বা আপত্তি ভবিষ্যতে গ্রাহ্য হইবে না কি উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় কি নির্দোষ বলিয়া গণ্য হইবে।

Sd/-
শ্রীযুক্ত শঙ্খনাথ হাজরা
এ্যাডভোকেট, বোলপুর কোর্ট
বোলপুর, কাছারীপট্টী
পোষ্ট ও থানা- বোলপুর
জেলা- বীরভূম
ফোন নং- ৯৭৩৪২২৯৯১৯

বৈঁক ऑफ़ इंडिया Bank of India BOI
Relationship beyond Banking

**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**
অ্যাসেট রিকভারি শাখা
কলকাতা জোনাল অফিস
দ্বিতীয় তল, ডিডি-২, সল্টলেক, সেক্টর-১, বিধাননগর, কলকাতা- ৭০০০৬৪

**ই-নিলাম অনুষ্ঠিত হবে ২৫-০৩-২০২৬**

**ব্যাঙ্কের বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলি বিক্রয়ের জন্য জনবিজ্ঞপ্তি**

এতদ্বারা সিকিওরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিওরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর (৫৪/২০০২) এর ১৩(১২) সেকশন সহ সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এর ৮ ও ৯ নং রুলের আওতায় দাবি বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল, ঋণগ্রহণকারীদের / জামিনদারদের কাছে এবং অনুমোদিত আধিকারিক নিম্নে বর্ণিত সম্পত্তিগুলি অধিগ্রহণ করেছেন। উক্ত অ্যাক্টের ৮ নং রুলের আওতায় ৫ ও ৬ নং সাব রুল অনুযায়ী অনুমোদিত আধিকারিক অফার সমূহকে আমন্ত্রণ জানিয়েছেন বর্ণিত ই-অকশন এর তারিখ, স্থান ও সময় নির্বাচন করে। সার্বিকভাবে জনসাধারণ এবং ঋণগ্রহণকারীগণ এবং জামিনদারগণকে এতদ্বারা জানানো হচ্ছে যে, সারফায়েসি অ্যাক্টের আওতায় যে ই-নিলামটি অনুষ্ঠিত হবে তার সম্পত্তিগুলি সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ অনুযায়ী শর্তাবলী সাপেক্ষে সম্পত্তিগুলি বিক্রয় করা হবে এবং ব্যাঙ্কের বকেয়া পরিশোধ করতে নিম্নোক্ত শর্তাবলী গুলি মানা হবে।

| শাখা / ঋণগ্রহণকারী গণ / জামিনদারগণের নাম ও ঠিকানা | সম্পত্তির বিবরণ | সুরক্ষিত ঋণ / বকেয়া মূল্য (টাকায়) | দাবি বিজ্ঞপ্তির তারিখ ও দখলের তারিখ | সংরক্ষিত মূল্য (টাকায়) ও অগ্রিম মূল্য (ইএমডি, টাকায়) |
|---|---|---|---|---|
| কৈখালি শাখা<br>**ঋণগ্রহণকারী : শ্রীমতি সুমিতা ভৌমিক**<br>**ঠিকানা :** ১১৪ নিউ কলোনী সোদপুর, পানিহাটি পুরসভা, ওয়ার্ড নং - ১২, জেলা : উত্তর ২৪ পরগনা, কলকাতা, প:ব: ৭০০১১০ | সম্পত্তিটি কমবেশি ৮৫০ বর্গফুট বিশিষ্ট সুপার বিল্টআপ এলাকা বিশিষ্ট একটি আবাসিক ফ্ল্যাট (নং- এফ১) যেটি একটি তিনতলা আবাসনের প্রথম তলায় অবস্থিত, যেটি হোল্ডিং নং- ১১৪, নিউ কলোনী সোদপুর, মৌজা : সোদপুর, জেএল নং - ৮, আরএস নং- ৪৫, এলওপি নং- ২এ, আরএস দাগ নং- ৬৬৩ (পি), আরএস খতিয়া নং- ২, থানা : খরদহ, পানিহাটি পুরসভা, ওয়ার্ড নং - ১২, জেলা : উত্তর ২৪ পরগনা, কলকাতা, প:ব: ৭০০১১০-এ অবস্থিত। ফ্ল্যাটটিতে ২টি বেডরুম, ১টি কিচেন-কাম-ডাইনিং ড্রয়িং, ১টি টয়লেট আছে। **সম্পত্তিটির চৌহদ্দি — উত্তরে :** এলওপি নং- ৪/এইচ/ও/ মানিক দে, **দক্ষিণে :** ১৮ ফুট চওড়া পুরসভার রাস্তা, **পূর্বে:** এলওপি নং- ২বি/এইচ/ও/এম. ব্যানার্জী, **পশ্চিমে :** ১৮ ফুট চওড়া পুরসভার রাস্তা। **ফ্ল্যাটটির চৌহদ্দি — উত্তরে :** খোলা আকাশ, **দক্ষিণে:** খোলা আকাশ, **পূর্বে :** খোলা আকাশ, **পশ্চিমে :** সিঁড়ি ও কমন করিডর। | ০৬.১১.২০২৫ তারিখের হিসাবে **২০,৯০,০০৪ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ৩১.০৭.২০২৩<br>ও<br>১৯.১০.২০২৩<br>(ফিজিক্যাল পজেশন) | **১৯,৮৩,৬০০ টাকা**<br>ও<br>**১,৯৮,৩৬০ টাকা** |
| কৈখালি শাখা<br>**ঋণগ্রহণকারী : শ্রী সুপ্রিয় রায় ও শ্রীমতি মৌসুমী রায়**<br>**ঠিকানা :** ১১৪ নিউ কলোনী সোদপুর, পানিহাটি পুরসভা, ওয়ার্ড নং - ১২, জেলা : উত্তর ২৪ পরগনা, কলকাতা, প:ব: ৭০০১১০ | সম্পত্তিটি কমবেশি ৬০৭ বর্গফুট বিশিষ্ট সুপার বিল্টআপ এলাকা বিশিষ্ট একটি আবাসিক ফ্ল্যাট (নং- জি১, দক্ষিণ-পূর্ব-উত্তরমুখী) যেটি একটি তিনতলা আবাসনের গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত, যেটি হোল্ডিং নং- ১১৪, নিউ কলোনী সোদপুর, মৌজা : সোদপুর, জেএল নং - ৮, আরএস নং- ৪৫, এলওপি নং- ২এ, আরএস দাগ নং- ৬৬৩ (পি), আরএস খতিয়া নং- ২, থানা : খরদহ, পানিহাটি পুরসভা, ওয়ার্ড নং - ১২, জেলা : উত্তর ২৪ পরগনা, কলকাতা, প:ব: ৭০০১১০-এ অবস্থিত। ফ্ল্যাটটিতে ১টি বেডরুম, ১টি কিচেন-কাম-ডাইনিং ড্রয়িং, ১টি টয়লেট আছে। **সম্পত্তিটির চৌহদ্দি — উত্তরে :** এলওপি নং- ৪/এইচ/ও/ মানিক দে, **দক্ষিণে :** ১৮ ফুট চওড়া পুরসভার রাস্তা, **পূর্বে:** এলওপি নং- ২বি/এইচ/ও/এম. ব্যানার্জী, **পশ্চিমে :** ১৮ ফুট চওড়া পুরসভার রাস্তা। **ফ্ল্যাটটির চৌহদ্দি — উত্তরে :** খোলা আকাশ, **দক্ষিণে:** খোলা আকাশ, **পূর্বে :** খোলা আকাশ, **পশ্চিমে :** সিঁড়ি ও কমন করিডর। | ০৬.১১.২০২৫ তারিখের হিসাবে **২০,১২,৪৫১ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ১১.০৫.২০২৩<br>ও<br>১৯.০৯.২০২৩<br>(ফিজিক্যাল পজেশন) | **১৪,১৬,৬০০ টাকা**<br>ও<br>**১,৪১,৬০০ টাকা** |
| ফুলিয়া শাখা<br>**ঋণগ্রহণকারী : শ্রীমতি শেফালী বিশ্বাস,** স্বামী : মহাদেব বিশ্বাস<br>**ঠিকানা :** প্রফুল্ল নগর, জ্যোতিপল্লী, বেলেমঠ, পিন - ৭৪১৪০২ | সম্পত্তিটি কমবেশি ৪.২৫ ডেসিমেলের জমি সহ বাড়ি যেটি মৌজা : পুমিলা, জেএল নং - ৫৫, খতিয়ান নং- এলআর ৪৯৭, প্লট : আরএস ও এলআর ২৫৯/৩৮৩, বেলঘরিয়া ১নং পঞ্চায়েত, পো: ফুলিয়া বয়রা, থানা : শান্তিপুর, নদীয়া - ৭৪১৪০২। **চৌহদ্দি — উত্তরে :** হরেন্দ্রনাথ বিশ্বাসের চৌহদ্দি, **দক্ষিণে :** পঞ্চায়েত রোড, **পূর্বে:** সহদেব বিশ্বাসের সম্পত্তি, **পশ্চিমে :** সুবল বিশ্বাসের সম্পত্তি। | ২১.০৭.২০২৩ তারিখের হিসাবে **৬,০৭,৩৬৮ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ২১.০৭.২০২৩<br>ও<br>১৬.১২.২০২৩<br>(ফিজিক্যাল পজেশন) | **২,৮৮,০০০ টাকা**<br>ও<br>**২৮,৮০০ টাকা** |
| সিলিন্দা শাখা<br>**ঋণগ্রহণকারী : শ্রী উত্তম বিশ্বাস**<br>**জামিনদার : শ্রীমতি সীমা বিশ্বাস,** পিতা : গোপাল বিশ্বাস<br>**ঠিকানা :** রাজারমঠ, থানা : চাকদহ, জেলা : নদীয়া, পিন - ৭৪১২২২ | সম্পত্তিটি জমিসহ বাড়ি যেটি সীমা বিশ্বাসের নামে আছে। সম্পত্তিটি মৌজা : শ্রীনগর, জেএল নং - ১৮৩, আরএস এলআর দাগ নং- ৩৩৩৪, ৩৩৩৫, ৩৩৩৬, আরএস খতিয়ান নং- ১৮৪৩ ও ১৭০০, এলআর খতিয়ান নং- ৬৪৪৮, সিলিন্দা ২নং গ্রাম পঞ্চায়েত নদীয়া - ৭৪১২২৩। | ০৩.০৫.২০২৪ তারিখের হিসাবে **১০,৫২,১৩৮ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ০৩.০৫.২০২৪<br>ও<br>২৫.০৭.২০২৪<br>(ফিজিক্যাল পজেশন) | **১০,৮০,০০০ টাকা**<br>ও<br>**১,০৮,০০০ টাকা** |
| চাকদহ শাখা<br>**ঋণগ্রহণকারী : শ্রী শঙ্কর কুমার রায়, শ্রীমতি পুতুল পাণ্ডব রায়**<br>**ঠিকানা :** পালপাড়া, নেতাজীনগর, থানা : চাকদহ, জেলা : নদীয়া, পিন - ৭৪১২২২ | বন্ধককৃত সম্পত্তিটি সান্নিধ্য রেসিডেন্সি অ্যান্ড কমার্শিয়াল বিল্ডিংয়ের (জি+৪) দ্বিতয়তলে অবস্থিত একটি ফ্ল্যাট (নং-২এ) ও সমতুল জমি যেটি মৌজা : পালপাড়া, জেএল নং- ৩৫, আরএস ও এলআর দাগ নং- ২০৩, আরএস খতিয়ান নং - ১৫৭, এলআর খতিয়ান নং- ২৬৮৬, চাকদহ পুরসভা ওয়ার্ড নং- ১, হোল্ডিং নং- ১৪৩৬/১, থানা ও ব্লক : চাকদহ, জেলা : নদীয়া, প:ব: ৭৪১২২২ (টাইটেল ডিড নং- I-৯৯৭৩/ ২০১৯) ফ্ল্যাটের আয়তন ১১৫৬.২৫ বর্গফুট (সুপার বিল্টআপ এরিয়া), ৯২৫.০০ বর্গফুট (কভারড এরিয়া)। **সম্পত্তির চৌহদ্দি — উত্তরে :** পালপাড়া স্টেশন রোড, **দক্ষিণে :** সত্যজিৎ বিশ্বাসের সম্পত্তি, **পূর্বে:** ১০ ফুট চওড়া কমন প্যাসেজ তারপর পার্থ রুদ্রর জমি, **পশ্চিমে :** ১০ ফুট চওড়া কমন প্যাসেজ তারপর শ্যামা চক্রবর্তীর জমি (বন্ধকদার : শ্রী শঙ্কর কুমার রায় ও শ্রীমতি পুতুল পাণ্ডব রায়)। | ২০.১১.২০২৫ তারিখের হিসাবে **৩৫,০৬,১৪৫ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ০১.০৩.২০২৪<br>ও<br>০৬.০৬.২০২৪<br>(ফিজিক্যাল পজেশন) | **২৫,২০,০০০ টাকা**<br>ও<br>**২,৫২,০০০ টাকা** |
| উন্নয়ণভবন শাখা<br>**ঋণগ্রহণকারী-বন্ধকদার : শ্রী অর্ণব মুখার্জী ও শ্রীমতি চৈতালী মুখার্জী**<br>**ঠিকানা :** ১২/২ কে.এন.সি রোড, বনমালীপুর পশ্চিম, জেলা পরিষদের কাছে, বারাসাত (এম), উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন - ৭০০১২৪ | ১. সম্পত্তিটি কমবেশি ১ কাঠা ৮ ছটাক ০০ বর্গফুট বিশিষ্ট একটি বাস্তু জমির প্লট ও কমবেশি ২ কাঠা ১৩ ছটাক ১৩ বর্গফুট বিশিষ্ট জমির ওপর রয়েছে যেটি মৌজা : পানিহারা, জেএল নং - ২৪, তৌজি নং - ১২, আরএস নং - ১০৮, পরগনা আনোয়ারপুর, প্লট নং - ৭/১, খতিয়ান নং - ১৩৯ এখন ২৪৯৭, আরএস ও এলআর দাগ নং- ২৭৭, এডিএস আর বারাসাত জুরিসডিকশন, থানা : মধ্যমগ্রাম (নতুন) / বারাসাত (পুরোনো), মধ্যমগ্রাম পুরসভার আওতায় ওয়ার্ড নং - ১২, হোল্ডিং নং- ১৩৫/বি/১, পানিহারা রোড, উত্তর ২৪ পরগনা, পিন - ৭০০১৩০।<br>২. সম্পত্তিটি কমবেশি ১ কাঠা ৫ ছটাক ১৩ বর্গফুট বিশিষ্ট একটি বাস্তু জমির প্লট যেটি মৌজা : পানিহারা, জেএল নং - ২৪, তৌজি নং - ১২, আরএস নং - ১০৮, পরগনা আনোয়ারপুর, প্লট নং - ৭, খতিয়ান নং - ১৩৯ এখন ২৪৯৫, আরএস ও এলআর দাগ নং- ২৭৭, এডিএস আর বারাসাত জুরিসডিকশন, থানা : মধ্যমগ্রাম (নতুন) / বারাসাত (পুরোনো), মধ্যমগ্রাম পুরসভার আওতায় ওয়ার্ড নং - ১২, হোল্ডিং নং- ১৩৫/বি, পানিহারা রোড, উত্তর ২৪ পরগনা, পিন - ৭০০১৩০। | ১৪.১১.২০২৫ তারিখের হিসাবে **১৮,৩৯,৩০৩ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ৩০.০৫.২০২৫<br>ও<br>২৮.১০.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **২০,৮৪,০০০ টাকা**<br>ও<br>**২,০৮,৪০০ টাকা** |
| সাজিরহাট শাখা<br>**ঋণগ্রহণকারী : শ্রীমতি সর্বানী সরকার**<br>**ঠিকানা :** হাসপাতাল রোড, যুগবেরিয়া, মুড়াগাছা (সিটি), জেলা : উত্তর ২৪ পরগনা, কলকাতা - ৭০০১১০ | সম্পত্তিটি একটি জমি সহ বাড়ি যেটি শ্রীমতি সর্বানী সরকারের নামে আছে ও যেটি মৌজা : তেঘরিয়া, জেএল নং - ৩১, রেসা ৭৬, তৌজি নং - ২০৪, আরএস খতিয়ান নং- ৬৪, থানা : ঘোলা, বিকিন্দা ২নং গ্রাম পঞ্চায়েত এডিএসআর ব্যারাকপুর, জেলা : উত্তর ২৪ পরগনা, কলকাতা - ৭০০১১০-এ অবস্থিত। | ১৪.১১.২০২৫ তারিখের হিসাবে **৪,৩৪,১২৪ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ০২.০৭.২০২৫<br>ও<br>০৪.১১.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **১২,০৯,০০০ টাকা**<br>ও<br>**১,২০,৯০০ টাকা** |
| বসিরহাট শাখা<br>**ঋণগ্রহণকারী ও বন্ধকদার : শ্রী সঞ্জয় বাল**<br>**সহ-ঋণগ্রহণকারী ও বন্ধকদার : শ্রীমতি সোনালী বাল**<br>**ঠিকানা :** গ্রাম: কলেজপাড়া নবপল্লী, চাপা পুকুর রোড, পো : বসিরহাট কলেজ, থানা : বসিরহাট, জেলা : উত্তর ২৪ পরগনা, প:ব: ৭৪৩৪১২ | সম্পত্তিটি একটি আবাসিক ফ্ল্যাট যেটি মৌজা : ভাতরা, জেএল নং - ৩৮, রে.সু নং- ২২৪, তৌজি নং - ১৪৬, আরএস খতিয়ান নং- ৫১, ২৫২-র আওতায় আরএস ও এলআর দাগ নং- ৮৬৮, এলআর খতিয়ান নং- ১২/১ (১৬৯)-এ রয়েছে, নিবেদিতা রোড, ফ্ল্যাট নং- ৭, দ্বিতীয় তল, উত্তর পূর্ব পশ্চিমমুখী, প্রেমিসেস নং- ১৬৯, পো : নবপল্লী, থানা : বারাসাত, কলকাতা - ৭০০১২৬, জেলা : উত্তর ২৪ পরগনা, সুপারবিল্টআপ এলাকা বিশিষ্ট ফ্ল্যাট-১২০০ বর্গফুট (টাইটেল ডিড নং- I-১৯০৪-০৯৫৪৩/২০১৬)। | ১৪.১১.২০২৫ তারিখের হিসাবে **২৫,২২,৯২৬ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ১৭.০৭.২০২৫<br>ও<br>০৮.১০.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **৩৮,৭৪,০০০ টাকা**<br>ও<br>**৩,৮৭,৪০০ টাকা** |
| বনগাঁ শাখা<br>**ঋণগ্রহণকারী : মি. সমিরুল সরদার**<br>**সহ-ঋণগ্রহণকারী : মিসেস জরিনা বিবি,**<br>**ঠিকানা :** পিতা : আলিবদ্দিন সরদার, দক্ষিণবেনা, বাদুরিয়া, প:ব: ৭৪৩৪০১ | সম্পত্তিটি সমতুল জমির ওপর কমবেশি ৫.৩৩ ডেসিমেল বিশিষ্ট একটি ১ তলা আবাসিক বাড়ি যেটি ৮৪৫ বর্গফুটের (ডিড নং- I-৬৫৩১, ১৪/৭/২০১৭, ডিএসআর-।।।, উত্তর ২৪ পরগনা, বারাসাত)। যেটি জেলা : উত্তর ২৪ পরগনা, থানা : বাদুরিয়া, মৌজা : বেনা, জেএল নং- ২০, খতিয়ান নং - ৩০৩, এলআর খতিয়ান নং- ৩৪৬৫, আরএস ও এলআর দাগ নং - ৪৫০৩, গ্রাম : বেনা, থানা : বেনা, পিন - ৭৪৩৪০১, চাঁদিপুর গ্রাম পঞ্চায়েত। **সম্পত্তিটির চৌহদ্দি — উত্তরে :** নারিউদ্দিন সরদারের সম্পত্তি, **দক্ষিণে :** ১০ ফুট চওড়া কমন প্যাসেজ ও প্লট নং- ৪৫০৫, **পূর্বে :** এলাউদ্দিন সরদারের সম্পত্তি, **পশ্চিমে:** প্লট নং - ৪৪৮৭। | ০৮.০১.২০২৬ তারিখের হিসাবে **৯,৮২,৬৬৩.১৪ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ০৫.০৫.২০২৫<br>ও<br>৩০.০৭.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **১২,৭৬,০০০ টাকা**<br>ও<br>**১,২৭,৬০০ টাকা** |
| নোকারি শাখা<br>**ঋণগ্রহণকারী : উৎসব বিশ্বাস**<br>**ঠিকানা :** বাঁশতলা পাড়া, ধানতলা, নদীয়া, প:ব: ৭৪১২০২ | সম্পত্তিটির একটি আবাসিক প্লট সহ বিল্ডিং যেটি মৌজা : ধানতলা, জেএল নং - ৬৭, প্লট নং - ৬২৫, খতিয়ান নং- এলআর ১৬১৫, জায়গা ০.০৪ একর বা ৪ ডেসিমেল, কামালপুর গ্রাম পঞ্চায়েত, থানা : ধানতলা, জেলা : নদীয়া, পশ্চিমবঙ্গে অবস্থিত। সম্পত্তিটি শ্রী উৎসব বিশ্বাসের। টাইটেল ডিড নং- ২৫২২/২০২০। | ১৪.১১.২০২৫ তারিখের হিসাবে **২৯,৮০,৩৬২ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ৩০.০৭.২০২৫<br>ও<br>১৩.১০.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **৩১,৭০,০০০ টাকা**<br>ও<br>**৩,১৭,০০০ টাকা** |
| সিলিন্দা শাখা<br>**ঋণগ্রহণকারী : মেসার্স ঘোষ কনস্ট্রাকশন ও জেনারেল অর্ডার সাপ্লায়ার্স (প্রযত্নে- জয়ন্ত ঘোষ, জামিনদার- শ্রী সঞ্জয় কুমার ঘোষ,** **ঠিকানা :** পিতা- মহাদেব ঘোষ, চাকদা, দারাপপুর, সিলিন্দা, নদীয়া, পশ্চিমবঙ্গ- ৭৪১২২৩ | সম্পত্তিটি মৌজা- দারাপপুর, জেএল নং- ১৭৩, খতিয়ান নং- আরএস ও এলআর- ৫০৬, আরএস ও এলআর দাগ নং- ২১৯, আয়তন- ৬.২৫ ডেসিমেল, হিংনাড়া গ্রাম পঞ্চায়েত, থানা ও ব্লক- চাকদা, নদীয়া, পশ্চিমবঙ্গ- ৭৪১২২৩-এ অবস্থিত ও সম্পত্তিটি শ্রী জয়ন্ত ঘোষের। **চৌহদ্দি :** উত্তরে- পরিবারের সবার পুকুর, দক্ষিণে- সহদেব ঘোষের বাড়ি, পূর্বে- সমরজিৎ মণ্ডল, পশ্চিমে- নিরাপদ বিশ্বাস। | ০৮.০১.২০২৬ তারিখের হিসাবে **১৫,০৯,৩০১.৪৯ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ২১.০৪.২০২৫<br>ও<br>২৫.০৬.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **১৪,৩৯,০০০ টাকা**<br>ও<br>**১,৪৩,৯০০ টাকা** |
| মধ্যমগ্রাম শাখা<br>**ঋণগ্রহণকারী : শ্রী গৌতম রায়, সহ ঋণগ্রহীতা- শ্রীমতী চন্দ্রাণী রায়, ঠিকানা :** নিউ খুলনাপল্লী, তৃতীয় লেন, সংঘমিত্র ক্লাবের কাছাকাছি, মধ্যমগ্রাম, চণ্ডীগড়ি, উত্তর ২৪ পরগনা, প.ব.- ৭০০১৩০ | সম্পত্তিটি কমবেশি ১০৯৫ বর্গফুটের সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট একটি ৩ বিএইচকে ফ্ল্যাট (নং- ২ডি, উত্তর-পশ্চিম মুখী) যেটি দ্বিতীয় তলে অবস্থিত ও এটির সাথে আছে একটি কার পার্কিং স্পেস, যেটি (নং জিএফ, উত্তর-পশ্চিম মুখী) এ অবস্থিত ও যেটি গীতাঞ্জলি প্লাজা নামক ৫ (জি+৪) তল বিশিষ্ট আবাসিক অ্যাপার্টমেন্টের গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত। সম্পত্তিটি ৬ কাঠা ৬ ছটাক ০ বর্গফুট জমির ওপর অবস্থিত যেটি হোল্ডিং নং- ৩৮৮, বঙ্কিমপল্লী (পূর্ব), ওয়ার্ড নং- ১০, মধ্যমগ্রাম এফপি স্কুল (জিএফপিএস), মৌজা- দোহাড়িয়া, জেএল নং- ৪৫, এলওপি নং- ৫২৮এ ও ৫২৮ বি, আরএস খতিয়ান নং- ১০৪৬, ২৪১, ৮৬৪, ৮৬১, ৮৫১, এলআর খতিয়ান নং- ৫২৪০, ৫২৪১, ৫২৪২, ৫২৪৩, ৫২৪৪, ৫২৪৫ ও ৫২৯৫, সিএস প্লট নং- ৭০৭ (পি), ৭০৮(পি), আরএস ও এলআর দাগ নং- ৭০৭/২২৩৪ ও ৭০৮/২২৩৭, পোঃ ও মধ্যমগ্রাম (পূর্বে বারাসাত), পিন- ৭০০১২৯, জেলা- উত্তর ২৪ পরগনা, টাইটেল ডিড নং- ৪৪৯৯/২০২৩-এ অবস্থিত। **সম্পত্তিটির চৌহদ্দি : উত্তরে-** ফ্ল্যাট ও তারপরে খোলা আকাশ, **দক্ষিণে-** সিঁড়ি ও লিফট, **পূর্বে-** ফ্ল্যাট নং ২এ, **পশ্চিমে-** খোলা আকাশ। | ১১.০৮.২০২৫ তারিখের হিসাবে **৩৫,৫২,৫৪৪.৪৮ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ০৫.০৫.২০২৫<br>ও<br>১১.০৮.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **২৩,০৩,০০০ টাকা**<br>ও<br>**২,৩০,৩০০ টাকা** |
| নাগেরবাজার শাখা<br>**ঋণগ্রহণকারী : শ্রী সুরজিৎ রায়, ঠিকানা :** পিতা- অরুণ রায়, ৭০ পি. কে. গুহ লেন, পোঃ- দমদম সিটি, জেলা- উত্তর ২৪ পরগনা, প.ব.- ৭০০০২৮ | সম্পত্তিটি গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত একটি ফ্ল্যাট, যেটি মৌজা- গাড়ুই, জেএল নং- ১৬, রে.সা. নং- ২৪, তৌজি- ১১৮, বি/১, আরএস খতিয়ান নং- ৪৮৫, আরএস দাগ নং- ২৭২, সংশ্লিষ্ট এলআর খতিয়ান নং- ৬৮১, ১২৩৫, ১১০১, ১৮৭৮, ১৯৮৭ ও ৯৭১, যেটি এলআর দাগ নং- ৫৫৮, এলআর খতিয়ান নং- ৭৪৬/১ সংশ্লিষ্ট, মিউনিসিপ্যাল হোল্ডিং/ প্রেমিসেস নং- ৮৭, বিবেকানন্দ রোড, কলকাতা- ৭০০০৬৫, ওয়ার্ড নং- ৪, সাউথ দমদম পুরসভা, এডিএসআর- কাশীপুর দমদম, জেলা- উত্তর ২৪ পরগনা। **সম্পত্তিটির চৌহদ্দি : উত্তরে-** অপরেশ সিনহার বাড়ি, **দক্ষিণে-**মিউনিসিপ্যাল রোড, **পূর্বে-** মিউনিসিপ্যাল রোড, **পশ্চিমে-** শশধর রায়ের বাড়ি। **ফ্ল্যাটের চৌহদ্দি : উত্তরে-** খোলা আকাশ, **দক্ষিণে-**অন্যান্যদের ফ্ল্যাট, **পূর্বে-** সিঁড়ি, কমন করিডর, লিফট, **পশ্চিমে-** খোলা আকাশ। | ০৮.১০.২০২৫ তারিখের হিসাবে **১২,৪৫,১২২.০৮ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ০৪.০৮.২০২৫<br>ও<br>০৮.১০.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **১৩,৩৩,০৬৩ টাকা**<br>ও<br>**১,৩৩,৩০৬ টাকা** |
| সাজিরহাট শাখা<br>**ঋণগ্রহণকারী : মি. সৌম্যদীপ দত্ত, ঠিকানা :** মধুসূদন কমপ্লেক্স : ৬১ এস. এন. ব্যানার্জি রোড, ব্যারাকপুর, ৭০০১২০ | সম্পত্তিটি বন্ধককৃত সমতুল অস্থাবর সম্পত্তি, যেটি কমবেশি ৮৮০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট সেল্ফ কনটেন্ট ও ইন্ডিপেন্ডেন্ট মার্বেল ফ্লোরিং লিফট পরিষেবা সমৃদ্ধ রেসিডেন্সিয়াল ফ্ল্যাট (দক্ষিণ-পশ্চিম মুখী) যেটি আপনজন অ্যাপার্টমেন্টের ব্লক এ বিল্ডিংয়ের চতুর্থ তলে অবস্থিত। সম্পত্তিটি হোল্ডিং নং- ৪৭১/৫/বি, ওয়ার্ড নং- ৬, পানিহাটি পুরসভা, মৌজা- আগরপাড়া, জেএল নং- ১১, রে.সু. নং- ৩১, তৌজি নং- ১৫৫, আরএস খতিয়ান নং- ৩০১, ৩০২, ৩০৩, ৩০৫ ও ৩০৬, এলআর খতিয়ান নং- ৩৩২, ১২০৯, ১২২২ ও আরএস ও এলআর দাগ নং- ১০৫৪, ১০৫৫, ১০৬৭, ১০৬৯, ১০৭১, ১০৭২, হোল্ডিং নং- ৪১০, ৪১১, ৪১২, ৪১৩, বি.টি. রোড, পোঃ- আগরপাড়া, থানা- হরদা, কলকাতা- ৭০০১১৪, এডিএসআর অফিস, ব্যারাকপুর, টাইটেল ডিড নং- I১৫০১০৬৯৯২/২০২২, তাং- ২৯.০৭.২০২২। **সম্পত্তিটির চৌহদ্দি : উত্তরে-** আলাপন ফেস্টিভ্যাল হাউস ও হিমাদ্রি রায়ের বাড়ি, **দক্ষিণে-**বাগরি মিলসের জমি, **পূর্বে-** বিটি রোড ও মসজিদ, **পশ্চিমে-** অন্যান্যদের জমি ও বাড়ি। | ১২.১২.২০২৫ তারিখের হিসাবে **২৪,২৫,৫৭৫.০৫ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ০৭.১০.২০২৫<br>ও<br>১২.১২.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **২৮,০৩,০০০ টাকা**<br>ও<br>**২,৮০,৩০০ টাকা** |
| চাকদহ শাখা<br>**ঋণগ্রহণকারী : শ্রী দীপঙ্কর সরকার, সহ ঋণগ্রহণকারী : মিসেস সোমা সরকার ভট্টাচার্য, ঠিকানা :** গ্রাম- মিস্ত্রিপাড়া, জয়কৃষ্ণপুর, পোঃ ও থানা- চাকদহ, জেলা- নদীয়া, পিন- ৭৪১২২২ | সম্পত্তিটি একটি বাড়ি সহ জমি যেটি মৌজা- পালপাড়া, জেএল নং- ৩৫, আরএস ও এলআর প্লট নং- ২০৩, এলআর খতিয়ান নং- ২৬৮৬, শ্রেণি- বাড়ি, ফ্ল্যাটের নাম- সান্নিধ্য রেসিডেন্সি অ্যান্ড কমার্শিয়াল ফ্ল্যাট / অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং- ৩বি, উত্তরপশ্চিম মুখী ও ৩সি, দক্ষিণ-পশ্চিমমুখী, তৃতীয় তল, সুপার বিল্ট আপ এরিয়া ১০২, মোট জমি- ৬.৩৩ ডেসিমেল, চাকদা পুরসভা, ওয়ার্ড নং- ০১, হোল্ডিং নং- ১৪৩৬/ ১, পালপাড়া স্টেশন রোড পূর্ব, পোঃ + থানা-চাকদা, জেলা- নদীয়া, পিন- ৭৪১২২২, (টাইটেল ডিড নং- I-১০৮০৪/২০২২ ও I-১০৮০৫/ ২০২২), ফ্ল্যাটের আয়তন- **ফ্ল্যাট ৩বি :** ১০২৫ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া), ৭১৭.৫০ বর্গফুট কভার্ড এরিয়া, **ফ্ল্যাট ৩সি :** ৮০৮ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া), ৫৬৫.৬০ বর্গফুট কভার্ড এরিয়া। **সম্পত্তিটির চৌহদ্দি :** ফ্ল্যাট ৩বি - **উত্তরে-** খোলা আকাশ, **দক্ষিণে-** ফ্ল্যাট নং ৩সি, **পূর্বে-** করিডোর, সিঁড়ি ও ফ্ল্যাট নং ৩ডি, **পশ্চিমে-** খোলা আকাশ। ফ্ল্যাট ৩সি - **উত্তরে-** ফ্ল্যাট ৩বি, **দক্ষিণে-**খোলা আকাশ, **পূর্বে-** করিডোর, সিঁড়ি ও ফ্ল্যাট নং ৩ডি, **পশ্চিমে-** খোলা আকাশ (বন্ধকদার : শ্রী দীপঙ্কর সরকার ও শ্রীমতী সোমা সরকার ভট্টাচার্য)। | ১৪.১১.২০২৫ তারিখের হিসাবে **৪৮,৬২,২১৯ টাকা** ও এর পরের সুদ ও ব্যয় সহ | ০৮.০৫.২০২৫<br>ও<br>২৭.০৮.২০২৫<br>(সিম্বলিক পজেশন) | **২৭,৫৬,০০০ টাকা**<br>ও<br>**২,৭৫,৬০০ টাকা** |

**শর্তাবলী :-**

**(i)** নিলাম/বিডিং শুধুমাত্র **"অনলাইন ইলেক্ট্রনিক বিডিং"** পদ্ধতিতে এই ওয়েবসাইট **https://BAANKNET.com**-এর মাধ্যমে সম্পন্ন হবে।
**(ii) ই-নিলামটি ২৫.০৩.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে অনুষ্ঠিত হবে সকল সম্পত্তির জন্য আনলিমিটেড এক্সটেনশন থাকছে প্রতিটি ১০ মিনিট করে অর্থাৎ যদি শেষ ১০ মিনিটে কোনো বৈধ বিড গৃহীত হয় তাহলে নিলামটি পরবর্তী ১০ মিনিট বাড়ানো হবে।** এই পদ্ধতিটি চলতে থাকবে যতক্ষণ না আর কোনো বৈধ বিড আসছে শেষ ১০ মিনিটে। নিলামটি সংরক্ষিত মূল্যের ওপর, যেমনটি ওপরে বর্ণনা করা হয়েছে তার ওপর ভিত্তি করে হবে। **বিডাররা তাঁদের অফার ১০,০০০ টাকার (দশ হাজার টাকা) গুণিতকে বাড়াতে পারবেন। ইচ্ছুক পার্টিরা সাইটে গিয়ে সম্পত্তিগুলি পরিদর্শন করতে পারবেন ১৯.০৩.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে।**
**(iii) ইচ্ছুক বিডাররা তাঁদের নাম এই পোর্টালে নথিভুক্ত করাবেন https://BAANKNET.com এবং তাঁদের ইউজার আইডি ও পাসওয়ার্ড পেয়ে যাবেন।** সম্ভাব্য বিডাররা কীভাবে নিলামের জন্য রেজিস্টার করতে হবে, নিলামের মোট ও অন্যান্য পদ্ধতি ওপরে উল্লিখিত লিঙ্কের মাধ্যমে খুঁজে পাবেন। ইচ্ছুক বিডারদের কোনোরকম জিজ্ঞাসা থাকতে **যোগাযোগ করতে পারেন : শ্রী অবিনাশ শাহু (মো: +৯১-৮২৪৯৩২৮৫৪৭)।**
**(iv)** উপরোক্ত সম্পত্তিগুলি **"যেখানে যেমন সেখানে তেমন"** ও **"যেটি যেমন সেটি তেমন"** ও **"কোনো পরিবর্তন ছাড়া"** বিক্রি করা হবে। বিড জমা দেওয়ার আগে ইচ্ছুক বিডাররা, তাঁদের বিড সংক্রান্ত বিভিন্ন ব্যাপারে কোনো জিজ্ঞাস্য থেকে থাকলে যেমন উক্ত সম্পত্তিটির কোনো দায়, সম্পত্তিটির টাইটেল এবং তার ওপর ভিত্তি করে সম্পত্তিটির মালিকানা / অধিকার / বকেয়ার ওপর প্রভাব আর সম্পত্তি ফিজিক্যাল পজেশন (সম্পত্তিটি সিম্বলিক পজেশনের অন্তর্গত) নিতে নির্ধারিত সময় ও খরচাপাতি সেই ব্যাপারে তাঁরা পুঙ্খানুপুঙ্খ খোঁজখবর নিতে পারেন। সফল বিডারকেই, প্রপার্টি ট্যাক্স, এনার্জি চার্জেস সহ সংবিধিবদ্ধ বকেয়া মেটাতে হবে। যদি দেখা যায় **তৃতীয় কোনো পার্টির সম্পত্তিটির ওপর কোনো মালিকানা / অধিকার / বকেয়া / দায় থেকে থাকে তাহলে তার জন্য, সম্পত্তিটির ফিজিক্যাল পজেশন (সম্পত্তিটি যদি সিম্বলিক পজেশনের আওতায় থেকে থাকে) নিতে** দেরি হলে, অনুমোদিত আধিকারিক / নিরাপদ ঋণদাতাদের ওপর এর দায় বর্তাবে না।
**(v)** অনুমোদিত আধিকারিক / ব্যাঙ্কের কাছে সম্পত্তিটির বিবরণগত ব্যাখ্যা (যা শিডিউলে আছে) পুঙ্খানুপুঙ্খ বলে ধরে নেওয়া যেতে পারে। জনবিজ্ঞপ্তিতে জারি করা কোনো তথ্য যদি ভুল বা বেঠিকভাবে পরিবেশন করা হয়ে থাকে, তাহলে উক্ত ব্যাঙ্ক এবং/বা অনুমোদিত আধিকারিকের ওপর তার দায় বর্তাবে না।
**(vi)** উক্ত সম্পত্তিটি ধার্যমূল্যের নীচে কোনোভাবেই বিক্রি করা যাবে না। ইচ্ছুক বিডারকে এই ওয়ালেটের লিঙ্কে ( **E-BAANKNET** ) বায়না টাকা (ইএমডি) জমা দিতে হবে। উক্ত ব্যাঙ্কের নির্দিষ্ট লিঙ্কে বায়না টাকা জমা দেওয়ার বিশদ তথ্য পাওয়া যাবে।
**(vii) ইচ্ছুক বিডারকে নাম নথিভুক্ত করতে হবে এবং উক্ত বায়না টাকা উপরোক্ত পোর্টালে গিয়ে নিলামের দিন অর্থাৎ ২৪.০৩.২০২৬ বিকেল ৫টের আগে জমা দিতে হবে।**
**(viii) সর্বোচ্চ / সফল বিডারকে বিডমূল্যের ২৫% জমা দিতে হবে (বায়নামূল্য সহ) এবং তা ওই দিনেই হতে হবে (বিক্রির প্রেক্ষিতে নির্ধারিত বিড যা বিক্রির ঠিক পরেই সংশ্লিষ্ট অনুমোদিত আধিকারিক দ্বারা গৃহীত হয়েছে) নচেৎ বায়নামূল্য (ইএমডি) বাজেয়াপ্ত হবে। সর্বোচ্চ বিডারকেই সফল বিডার / উক্ত সম্পত্তিটির বিক্রেতা হিসাবে ধরে নেওয়া হবে এবং তাঁকে সর্বদা বিডে অংশগ্রহণ করার জন্য আইনসিদ্ধ হতে হবে।**
**(ix) অনুমোদিত আধিকারিকের দ্বারা উক্ত সম্পত্তিটি বিক্রির ব্যাপারে নিশ্চিত হলে প্রাপ্য বকেয়ার ৭৫% বিড শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে (ব্যাঙ্কিং আওয়ারে) জমা দিতে হবে। যদি তা জমা দিতে অসমর্থ হয়, তাহলে সফল বিডারের থেকে নেওয়া অর্থ বাজেয়াপ্ত করা হবে। যদি উক্ত সম্পত্তিটির নিলামের ব্যাপারে কারোর কোনো দাবিদাওয়া থেকে থাকে অথবা ওই সম্পত্তিটি ইতিমধ্যেই কোনো বিক্রেতা বা বিডারের কাছে অর্থ বাবদ বিক্রি হয়ে থেকে থাকে তাহলে উক্ত অনুমোদিত আধিকারিক / ব্যাঙ্কের এই নিলাম বাতিল করার সম্পূর্ণ রূপে আইনত অধিকার আছে ও এই ব্যাপারে তাদের সিদ্ধান্তই সর্বোচ্চ।**
**(x) সম্পূর্ণ বিক্রয় সম্পন্ন হলে সফল বিডারকে অনুমোদিত আধিকারিক একটি সেল সার্টিফিকেট প্রদান করবে এবং তাতে লেখা থাকবে ওই সম্পত্তির ওপর আর ব্যাঙ্কের কোনো দাবি নেই।**
**(xi) অনুমোদিত আধিকারিক সম্পত্তিটির সর্বোচ্চ মূল্য বা প্রাপ্য সব মূল্য নিতেও পারেন অথবা তা প্রত্যাখ্যানও করতে পারেন এবং তা কোনোরকম কারণ না দেখিয়েও হতে পারে। এছাড়াও উক্ত নিলামের স্থগিতাদেশ বা বাতিল করার ব্যাপারে তাঁর সম্পূর্ণ অধিকার আছে অথবা ওই নিলামের কোনো শর্তাবলী পরিবর্তন করার ব্যাপারেও তাঁর সম্পূর্ণ স্বত্বাধিকার আছে ও এই ব্যাপারে তাঁর কাউকে কোনো কারণ না দেখালেও চলবে।**
**(xii)** সার্ভিস ট্যাক্স / টিডিএস (সেকশন ১৯৪ IA অনুযায়ী সম্পত্তিটির মূল্য যদি ৫০ লাখ বা তার অধিক হয়) (যদি থেকে থাকে) অথবা অন্য কোনো ধার্য কনভেইন্স ডিড উক্ত সম্পত্তিটির ওপর প্রযোজ্য হয় তাহলে তা সফল বিডার / বিক্রেতাকেই দিতে হবে।
**(xiii)** দ্য সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এর ৮(৬) ধারা অনুযায়ী এই জনবিজ্ঞপ্তিটি ঋণদাতা / জামিনদার / বন্ধকদারদের অন্তত ৩০ দিন আগে জানানো হয়েছে।
**(xiv)** উক্ত নিলাম সম্পর্কিত বিশদ বিবরণ (কমপ্লায়েন্স, শর্ত ও নির্দেশাবলী সহ) জানতে **https://www.bankofindia.bank.in** লিঙ্কে ক্লিক করার অনুরোধ করা হচ্ছে।

তারিখ : ০৭.০৩.২০২৬
স্থান : কলকাতা

স্বাক্ষর /-অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া